

প্রথম আন্দোলন

পরীক্ষা

বাউবির এসএসসির ফল প্রকাশ, পাসের হার ৬৪.৯৯ শতাংশ

প্রতিনিধি গাজীপুর



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩ সালের এসএসসি পরীক্ষার প্রথম ও দ্বিতীয় বর্ষের বিষয়ভিত্তিক ফলাফলসহ চূড়ান্ত ফলাফল সোমবার প্রকাশিত হয়েছে। পাসের হার শতকরা ৬৪ দশমিক ৯৯। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা বলা হয়েছে।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বাউবির এসএসসি-২০২৩ ব্যাচে নিবন্ধিত শিক্ষার্থী সংখ্যা ৩৯ হাজার ৭২৫ জন। এ পরীক্ষায় প্রথম ও দ্বিতীয় বর্ষে ৩৭ হাজার ৭৬৩ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। চূড়ান্ত পরীক্ষায় ২১ হাজার ৮৩৫ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে ১৪ হাজার ১৯০ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়।

শিক্ষার্থীদের মধ্যে ১৮ জন এ প্লাস, ১ হাজার ৮৫৯ জন এ গ্রেড, ৪ হাজার ২৯৯ জন এ মাইনাস, ৪ হাজার ৭৬১ জন বি গ্রেড, ৩ হাজার ১১৭ জন সি গ্রেড এবং ১২৫ জন ডি গ্রেডে উত্তীর্ণ হয়েছে। উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে ৮ হাজার ৪৩০ জন ছাত্র এবং ৫ হাজার ৭৬০ জন ছাত্রী।

এসএসসি পরীক্ষার ফলের বিস্তারিত জানতে [ক্লিক করুন](#)



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো